৮

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 10 AUG 1994 ... ...
পৃষ্ঠা ১ কলাম ৫

গবেষণার জন্য সাড়ে তিন কোটি টাকা মঞ্জুরি ঘোষণা

# বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নে বাস্তববাদী পরিকল্পনা নিন ॥ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া দেশের বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের জন্য এমন একটি বাস্তববাদী মহাপরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন যা দেশের ভবিষ্যত পরিবেশ অবনতির হুমকি রোধ এবং আর্থ-সামাজিক উন্নয়নের সহায়ক হবে। খবর বাসস'র।

মঙ্গলবার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিজ্ঞানীদের এক সম্মেলনে প্রধানমন্ত্রী বলেন, 'এই মহাপরিকল্পনার লক্ষ্য হবে বিভিন্ন ক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তির সম্ভাব্য প্রয়োগ নির্ধারণ করা এবং দারিদ্র্য দূর করা, পরিবেশ বিপর্যয় রোধ করা এবং আর্থ-সামাজিক অগ্রগতি অর্জন।'

তিনি বলেন, পৃথক পৃথক চেষ্টার বদলে একটি সুসমন্বিত পরিকল্পনা তৈরি করতে হবে, যাতে জাতীয় সমস্যা সমাধানের দিক নির্দেশনা থাকবে।

বাংলাদেশ বিজ্ঞান একাডেমীর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী এই অভিমত ব্যক্ত করেন।

বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## বিজ্ঞান ও প্রযুক্তি

(প্রথম পাতার পর)

চারজন বিজ্ঞানীকে একটি করে স্বর্ণপদক ও ২০ হাজার টাকা দেয়া হয়। পুরস্কার জয়ী বিজ্ঞানীরা হলেন চিকিৎসা বিজ্ঞানে মেজর জেনারেল মোহাম্মদ মাহমুদুর রহমান, উদ্ভিদ বিজ্ঞানে অধ্যাপক এ কে এম নূরুল ইসলাম, শরীর বিজ্ঞানে ডঃ আমির হোসেন খান ও রসায়নে ডঃ সালাহউদ্দিন খান।

বিজ্ঞান একাডেমীর সভাপতি ডঃ এস ডি চৌধুরীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী অধ্যাপক আব্দুল মান্নান, পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ এ মঈন খান এবং বিজ্ঞান একাডেমীর সচিব অধ্যাপক আমিনুল ইসলাম।